

ভাবো

কার কাছে কী বলেছো ভাবো।

দুঃখের মুহূর্তগুলি থেকে মুক্তি পেতে  
তুমি কার কার কাছে  
রেখে এসেছো চোখের সজল ভাষা,  
ভাবো।

মনে করে দেখো, কোনখানে খুলে ফেলেছিলে  
ক্ষতবিক্ষত বুক

দুর্ব তলায়,  
কোনখানে বন্ধুতা চেয়েছিলে হাত ধরে অনিশ্চেষ্ট,  
ভাবো।

কোথায় কোনখানে  
তোমাকে কোমল দেখেছিল কোন জন,  
ভাবো।

তারপর বজ্রের কঠিন স্বভাবে মাথা তুলে দাড়াও  
বর্ম এঁটে নাও বুকো।  
সাবধানী হও, দেখো তোমারই ক্ষতগুলি দিয়ে অস্ত্র বানিয়ে  
তারা প্রত্যেকেই আজ  
তোমার প্রাণ নিতে আসে।

প্রমোদ বসু

